রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জানুয়ারি ৩১, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
**বেসরকারিকরণ ও বিরাষ্ট্রীয়করণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ/২৫ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ২৪.০০.০০০০.২০২.১৮.০০৯.১২(২য় খণ্ড).২৮**—যেহেতু, (Bangladesh Industrial Enterprises (Nationalisation) Order, 1972 (P.O.No-27 of 1972) মূলে তাজ জুট বেকিং কোং লিঃ, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ অত:পর উক্ত কোম্পানি বলে উল্লিখিত এর সকল শেয়ার ও অন্যান্য স্বত্ব সরকারে ন্যস্ত ছিল ; এবং

যেহেতু, ২৭-০৫-১৯৮৫ তারিখে শিল্পনীতির শর্তসমূহ প্রতিপালন করে সরকার উক্ত কোম্পানির সাথে সম্পাদিত দ্বিপাক্ষিক চুক্তি এবং সরকার, বিজেএমসি ও মিল কর্তৃপক্ষের সাথে সম্পাদিত ত্রিপাক্ষিক চুক্তিমূলে মিল গ্রহীতাগণ মিলের বিপরীতে সরকার ও সরকারের আর্থিক প্রতিষ্ঠানসমূহের যাবতীয় দায়-দেনা পরিশোধ করার জন্য চুক্তিবদ্ধ হয়ে মিলের ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ করে; এবং

যেহেতু, মিল কর্তৃপক্ষ সরকার, বিজেএমসি ও অন্যান্য সরকারি আর্থিক প্রতিষ্ঠানসমূহের পাওনা পরিশোধ করেননি; এবং

যেহেতু, মিল ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে মিলের নিকট সরকার, বিজেএমসি ও অন্যান্য সরকারি আর্থিক প্রতিষ্ঠানসমূহের পাওনা পরিশোধের জন্য গত ২৬-১২-২০১০, ১২-০৬-২০১১, ২৭-১২-২০১১, ০১-০৩-২০১২, ১০-০৪-২০১৩, ২৫-০৭-২০১৩, ১০-০৮-২০১৪, ০২-১১-২০১৬, ২৭-১১-২০১৬ এবং সর্বশেষ ১৪-১২-২০১৬ তারিখে পত্র এবং তাগিদপত্র প্রদান করা স্বত্বেও সরকারি পাওনা পরিশোধ করেনি ; এবং

যেহেতু, মিল কর্তৃপক্ষ সরকারের পূর্বানুমোদন ব্যতিরেকে উত্তরা ব্যাংক লিঃ হতে ঋণ গ্রহণ করেছে;


মূল্য : টাকা ৪.০০

এবং

যেহেতু, মিল কর্তৃপক্ষ কর্তৃক সরকার, বিজেএমসি ও সরকারের আর্থিক প্রতিষ্ঠানসমূহের পাওনা পরিশোধ না করা, উত্তরা ব্যাংক লিঃ এর নিকট হতে ঋণ গ্রহণ করা, মিল বন্ধ রাখায় সরকারের সাথে সম্পাদিত চুক্তিদ্বয়ের শর্ত ভঙ্গ করেছে, হাজার হাজার শ্রমিক কর্মচারীকে তাদের কর্মসংস্থান হতে বঞ্চিত করে রেখেছে, এতে মিল হস্তান্তরের উদ্দেশ্য ব্যাহত হয়েছে এবং হস্তান্তর চুক্তি লংঘিত হয়েছে ;

সেহেতু, জনস্বার্থে Contract Act 1872 (IX of 1872) এর ৩৯ নং ধারা অনুযায়ী ২৭ মে ১৯৮৫ খ্রিস্টাব্দ তারিখে সম্পাদিত মিল হস্তান্তর চুক্তিদ্বয় (দ্বিপাক্ষিক ও ত্রিপক্ষীয়) এতদ্বারা বাতিল করা হলো। তাজ জুট বেকিং কোং লিঃ, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ কারখানাটিসহ উক্ত কোম্পানির যাবতীয় শেয়ার, স্থাবর-অস্থাবর সম্পত্তি ও স্বত্ব সরকার কর্তৃক অদ্য ২৫ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ/১২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ তারিখে পুনঃগ্রহণ (Take Back ) করা হলো এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মিলটি ব্যবস্থাপনার নিমিত্ত এ মন্ত্রণালয়ের আওতাধীন রাষ্ট্রায়ত্ত সংস্থা বিজেএমসি'র নিয়ন্ত্রণে ন্যস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রীনা পারভীন**
অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd